



নিম্নকক্ষে নয়, উচ্চকক্ষে অনুপাতভিত্তিক ব্যবস্থা চায় এনসিপি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নিজস্ব লক্ষ্য ও কর্মপরিকল্পনা নিয়ে এগিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে। দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, তারা নিম্নকক্ষে নয় বরং উচ্চকক্ষে সংখ্যানুপাতিক (পিআর) ব্যবস্থা চান। এ সময় তিনি আওয়ামী লীগের কর্মকাণ্ড, অন্তর্বর্তী সরকারের সীমাবদ্ধতা ও আসন্ন সংগঠন কাঠামো নিয়ে বক্তব্য দেন।

রাজধানীর শাহবাগে আবু সাঈদ মিলনায়তনে শুক্রবার (১৯ সেপ্টেম্বর) সন্ধ্যায় এনসিপির সমন্বয় সভা শেষে সংবাদ সম্মেলনে দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম বক্তব্য রাখেন।

তিনি বলেন, এনসিপি কোনো জোটভুক্ত আন্দোলনের সঙ্গে যুক্ত নয়, বরং নিজেদের লক্ষ্য ও কর্মসূচি নিয়েই এগোচ্ছে। তাদের মূল দাবি—নিম্নকক্ষে নয়, উচ্চকক্ষে সংখ্যানুপাতিক পদ্ধতি (পিআর) প্রয়োগ করা।

নাহিদ ইসলাম অভিযোগ করেন, আওয়ামী লীগ বিভিন্ন স্থানে মিছিল করতে পারছে শুধুমাত্র অন্তর্বর্তী সরকারের দুর্বলতা ও আইনশৃঙ্খলাবাহিনীর সীমাবদ্ধতার কারণে। তিনি দাবি করেন, সরকারের ভেতর থেকেই তাদের সহায়তা করা হচ্ছে। একইসঙ্গে আওয়ামী লীগের বিরুদ্ধে দল হিসেবে বিচার প্রক্রিয়া শুরু করার আহ্বান জানান।

তিনি আরও জানান, প্রতীক নিয়ে আনুষ্ঠানিক কিছু না বললেও নিবন্ধন প্রক্রিয়া নিয়ে তারা আশাবাদী। তার আশা, শাপলাই তাদের নির্বাচনী প্রতীক হিসেবে চূড়ান্ত হবে।

দলীয় সংগঠন প্রসঙ্গে তিনি বলেন, সংস্কারের আইনি ভিত্তি নিশ্চিত করতে হবে এবং জাতীয় ও গণপরিষদ নির্বাচন একইসঙ্গে হওয়া উচিত। পাশাপাশি আওয়ামী অট্টোবরের মধ্যেই সমন্বয় কমিটি থেকে দেশব্যাপী আহ্বায়ক কমিটি গঠনের পরিকল্পনা রয়েছে।

সবশেষে নাহিদ ইসলাম নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান, দুর্নীতির বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার মাধ্যমে আন্দোলনকে শক্তিশালী করতে হবে।